
# শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর তথ্য ছক পূরণ নির্দেশিকা

(EIIN বিহীন স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদ্রাসা (দাখিল, আলিম, ফাযিল ও কামিল) এবং কওমি মাদ্রাসা প্রতিষ্ঠানের জন্য)

| **অত্যাবশ্যকীয় নির্দেশাবলী:** |
| --- |
| * প্রত্যেকটি প্রশ্ন ভালভাবে পড়ে, বুঝে সঠিক উত্তর দিন।<br>* শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীদের তথ্য প্রদানের ক্ষেত্রে সেপ্টেম্বর ২০২৩ এর হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।<br>* শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় পূরণের ক্ষেত্রে **অভ্র কি-বোর্ড** এবং **Nikosh ফন্ট** ব্যবহার করুন।<br>* **তারকা চিহ্নিত সকল ফিল্ডের তথ্য অবশ্যই প্রদান করতে হবে।**<br>* তথ্য ছক পূরণ করার সময় বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করার পর কোন কারণবশত আর তথ্য প্রদান করা সম্ভবপর না হলে Log out করে কিছুটা সময় পর পুনরায় লগ-ইন পাতায় গিয়ে ইমেইল অথবা ইন্সটিটিউট আইডি অথবা মোবাইল নম্বর এবং Password দিয়ে মূল তথ্যছকের পাতায় প্রবেশ করতে হবে।<br><br>* **শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য প্রদানের মেয়াদ ০৫ অক্টোবর থেকে ৩১ অক্টোবর ২০২৩।** |

১. প্রথমে কম্পিউটারের ব্রাউজার (যেমন: Google Chrome) এ প্রবেশ করুন।


২. ব্রাউজারে ব্যানবেইস এর ওয়েবসাইট www.banbeis.gov.bd এ প্রবেশ করুন।




৩.উপরের চিত্রে প্রদর্শিত ছবির নির্দেশনা অনুযায়ী **শিক্ষা জরিপ ২০২৩** মেনুতে ক্লিক করুন এবং সংশ্লিষ্ট সাব মেন্যুতে ক্লিক করুন।

**অথবা**

সরাসরি Login করতে http:// 202.72.235.221:8085/login লিংক ব্যবহার করুন।




৪. ক্লিক করার পর উপর্যুক্ত ছবির মত Log in Page প্রদর্শিত হবে। এখানে রেজিস্ট্রেসন অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেসন করুন । রেজিস্ট্রেসন সম্পন্ন হলে সিস্টেম হতে একটি ইন্সটিটিউট আইডি প্রদান করা হবে তা পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ করুন।




৫. পুনরায় লগ-ইন পাতায় গিয়ে ইমেইল অথবা ইন্সটিটিউট আইডি অথবা মোবাইল নম্বর এবং Password দিয়ে মূল তথ্যছকের পাতায় প্রবেশ করুন।


৬. লগ-ইন সফলভাবে সম্পন্ন হলে নিম্নোক্ত ছবির মত তথ্যছকের মূল পাতা প্রদর্শিত হবে। এ পাতায় প্রতিষ্ঠানের সকল তথ্য যথাযথভাবে পূরণ করুন। তথ্যছকের কোন আবশ্যিক ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।




৭. প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ পূরণ করা সম্পন্ন হলে নিম্নোক্ত ছবিতে প্রদর্শিত তথ্যছকের নিচের দিকে থাকা Save and Next বাটন এ ক্লিক করুন। ক্লিক করার পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কিনা নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে **তথ্য সংরক্ষণ সফল হয়েছে** লেখা ভেসে উঠবে এবং পরবর্তী পাতায় চলে যাবে।




৮. **শিক্ষার্থীর তথ্য** এ স্তরভিত্তিক শিক্ষার্থীর তথ্য অবশ্যই প্রদান করতে হবে। সঠিকভাবে তথ্য প্রদান পূর্বক পূর্বের ন্যায় **Save and Next** বাটনে ক্লিক করে পরবর্তী পাতায় যেতে হবে।




৯. একই পদ্ধতিতে **শিক্ষক-কর্মচারীর তথ্য** ট্যাবে শিক্ষক ও কর্মচারীর ইনফরমেশন লিখুন। শিক্ষক ও কর্মচারীর তথ্য দিতে **মেনু বার** থেকে শিক্ষক-কর্মচারী তথ্য ট্যাব ক্লিক করুন। প্রয়োজনীয় শিক্ষক ও কর্মচারীর তথ্য গুলো পূরণ করা হলে **Save and Next** বাটন ক্লিক করুন।




১১. **Save and Next** বাটনে ক্লিক করলে পরবর্তীতে **প্রিভিউ** অপশন প্রদর্শিত হবে। সকল তথ্য নির্ভুলভাবে হালনাগাদ করা সম্পন্ন হলে ভবিষ্যত প্রয়োজনে ব্যবহারের জন্য চিত্রে প্রদর্শিত **প্রিন্ট করুন** বাটনে ক্লিক করে প্রদত্ত তথ্য সংরক্ষণ করুন।




১২. অতঃপর **চূড়ান্ত সাবমিট** বাটনে ক্লিক করুন।



১৩. চূড়ান্ত সাবমিট বাটনে ক্লিক করার পর চিত্রে প্রদর্শিত পেইজটি দেখা যাবে। এখানে **সাবমিট করুন** বাটনে ক্লিক করলে **‘প্রতিষ্ঠানের তথ্য সঠিকভাবে সাবমিট হয়েছে’** সূচক বার্তা ভেসে উঠবে।




১৪. জরিপের তথ্য নির্ভুল হওয়া বাঞ্চনীয়। ভবিষ্যতে এ তথ্যের উপর ভিত্তি করে পরিকল্পনা প্রণয়ন করা হবে।

১৫. শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর তথ্যছক পূরণে যেকোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন:
ই-মেইল: info@banbeis.gov.bd

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | জনাব শাহীনা সুলতানা | পরিসংখ্যান অফিসার | ৪১০৬০৭৩৬ | ০১৯১১৯৮৯১৩৭ |
| ২ | জনাব নূর মোহাম্মদ | পরিসংখ্যান অফিসার | ৪১০৬১২৩৭ | ০১৭১০৪৮০৯৯২ |
| ৩ | জনাব উম্মে নাজাইরা লিজা | পরিসংখ্যান অফিসার | ৪১০৬০৭৫২ | ০১৯৩৫৮০৫৭১১ |
| ৪ | জনাব মোহাঃ তরিকুল ইসলাম | পরিসংখ্যান অফিসার | ৪১০৬০৭১৬ | ০১৮১৭০৯৫৩৭৭ |
| ৫ | জনাব মোঃ আমিনুর রহমান | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৭১৫৯৪৭৪৭৮ |
| ৬ | জনাব মোঃ কামাল হোসেন | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৭১৪৫১১৯৪৪ |
| ৭ | জনাব তাহমিনা আক্তার | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৮৩৭৩৫৫২৯৪ |
| ৮ | জনাব মোহাম্মদ সোলায়মান খলিফা | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৭২৬২৬৪৮১০ |

- জরিপ কার্যক্রম সার্বিক তদারকি করবেন শেখ মোঃ আলমগীর, চিফ, পরিসংখ্যান বিভাগ; ফোন: ৪১০৬০৭১৫, মোবাইল: ০১৭১১৫৭৬৩৩৩
- সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন জনাব এস.এম. কামরুল হাসান খান, স্পেশালিস্ট, পরিসংখ্যান বিভাগ; ফোন: ৪১০৬০৭৫৭, মোবাইল: ০১৫৫২৩৩৯২৩১

১৬. Software সংক্রান্ত যেকোন জটিলতায় পরামর্শের জন্য যোগাযোগ করুন: ই-মেইল: info@banbeis.gov.bd

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মিজানুর রহমান | সিস্টেম এনালিস্ট | ৪১০৬০৭৫৫ | ০১৯১১০৩৫২৯৭ |
| ২ | জনাব মোঃ নাজমুল হক আনছারী | সহকারী প্রোগ্রামার | ৪১০৬০৭৫০ | ০১৭১৫৬৫৯৬৬৩ |
| ৩ | সৈয়দ রাশিদুল ইমাম | সহকারী প্রোগ্রামার | ৪১০৬০৭২৬ | ০১৭৩৪৫৯০১৮৬ |
| ৪ | জনাব মঞ্জুর-ই-মোর্শেদ | সহকারী প্রোগ্রামার | | ০১৭৪৬৪৩৪০৩৪ |

- Software বিষয়ক সার্বিক তদারকির দায়িত্বে থাকবেন জনাব কে. এম. হাসানুল্লাহ মাহমুদ, সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ; ফোন: ৪১০৬০৭৪৬, মোবাইল: ০১৯১৪৮৯০৫০৮

**আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।**